



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০২ ৯৯৬৬৯১৫৩৬, ফ্যাক্স: ০২ ৯৯৬৬৯১৫৫০

mail: nupr1992@gmail.com

তারিখ: ০২ জানুয়ারি, ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু ইনস্টিটিউটে ২জন ডিসটিন্গুইশ অধ্যাপকের যোগদান, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত 'বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট' এ দুইজন Distinguished Professor যোগদান করেছেন। দু'জন অধ্যাপকের মধ্যে একজন ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের অবসরপ্রাপ্ত জ্যেষ্ঠ অধ্যাপক ড. আখতার হোসেন। তিনি এ বিভাগের চেয়ারম্যান এবং জাতীয় মানবাধিকার কমিশনের সদস্য ছিলেন। ডিসটিন্গুইশ অধ্যাপকের অপরজন হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পপুলেশন সায়েন্স বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও অবসরপ্রাপ্ত জ্যেষ্ঠ অধ্যাপক ড. এ কে এম নূর-উন-নবী। তিনি রংপুরে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ছিলেন।

গতকাল রবিবার ১ জানুয়ারি ২০২৩ তারিখে ধানমন্ডিতে ইনস্টিটিউটের কার্যালয়ে তারা যোগদান করেন। যোগদানের পর আজ সোমবার (২ জানুয়ারি) তারা ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন। সকাল ১১টায় 'বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট' এর পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. মো. মনিরুজ্জামান ও ইনস্টিটিউটের গবেষকদের নিয়ে নবনিযুক্ত ডিসটিন্গুইশ অধ্যাপকদ্বয় বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন।

মো. আতাউর রহমান

পরিচালক

জনসংযোগ দপ্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়